

উদ্বোধন হল স্বাস্থ্যকেন্দ্রের

■ কৃষ্ণনগর: উদ্বোধন হল কৃষ্ণনগর পুরসভার স্বাস্থ্যকেন্দ্রের। উদ্বোধন করেন রাজ্যের মন্ত্রী অবনীমোহন জোয়ারদার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তেহট্টের বিধায়ক তথা তৃণমূলের জেলা সভাপতি গৌরীশঙ্কর দত্ত। ন্যাশনাল আরবান হেলথ মিশন প্রকল্পের ২কোটি ২৫ লক্ষ টাকা ব্যয়ে এই স্বাস্থ্যকেন্দ্রের পাশাপাশি শক্তিনগর ও রাজারোডে আরও দু'টি স্বাস্থ্যকেন্দ্র তৈরি হচ্ছে। বহিঃবিভাগের পাশাপাশি ৮০ টাকা দিয়ে এক্সরে ও ২০ টাকায় যে কোনও রক্ত পরীক্ষা করা যাবে এই স্বাস্থ্যকেন্দ্রে থেকে। স্বাস্থ্যকেন্দ্রটিতে রোগীদের প্রতিফালয়-সহ ১৪টি ঘর আছে। স্বাস্থ্যকেন্দ্রগুলি চালু করার জন্য বছর খানেক আগেই পুরসভার তরফে চিকিৎসক ও নার্স নিয়োগ করা হয়েছে। পুরসভার চার জন স্থায়ী ও ছ'জন অস্থায়ী চিকিৎসক নিয়োগ করা হয়েছে। আছে ১৫ জন নার্স ও ৪৩ জন স্বাস্থ্য কর্মী। পুরপ্রধান অসীম সাহা বলেন, "শক্তিনগরের স্বাস্থ্যকেন্দ্রটি তৈরি হয়ে গিয়েছে। উদ্বোধনের অপেক্ষায়। রাজারোডের স্বাস্থ্য কেন্দ্রটির নির্মাণ কাজ চলছে। আমাদের প্রধান লক্ষ্য এই শহরের মানুষ যেন চিকিৎসা পরিষেবা থেকে কোন ওভাবে বঞ্চিত না হন।"



১২/৪-২

১২/৪-২